Australian Centre for
**Disability Law**

Bengali | বাংলা

পার্ট 5

অভিযোগ

# স্কুলে আপনার প্রয়োজনীয় সাহায্যটি পাওয়া









www.disabilitylaw.org.au

ইজি রিড (সহজে পড়া যায়)

# বিষয়বস্তু


| | |
|---|---|
| এই টুলকিট সম্পর্কে | **2** |
| অভিযোগ | **3** |
| অভিযোগ করার পরিকল্পনা | **4** |
| স্কুলে অভিযোগ করুন | **5** |
| প্রতিবন্ধী বৈষম্যতা | **8** |
| প্রতিবন্ধী বৈষম্যতা সম্পর্কে অভিযোগ কিভাবে করতে হয় | **11** |
| আপনি আপনার অভিযোগ দাখিল করার পরে কি হবে | **14** |



তথ্য, যোগাযোগ এবং ক্যাপাসিটি বিল্ডিং (ILC) প্রোগ্রামের অংশ হিসাবে এই তথ্যটি অস্ট্রেলিয়ান সরকারের ডিপার্টমেন্ট অব সোশ্যাল সার্ভিস দ্বারা অর্থায়িত।



কাউন্সিল ফর ইন্টেলেকচুয়াল ডিসঅ্যাবিলিটি এই ডকুমেন্টটিকে সহজে পড়া যায় এমনভাবে তৈরি করেছে। একে সংক্ষেপে **CID** বলা হয়। নথিতে কোনও ছবি ব্যবহার করতে চাইলে আপনাকে CID-কে জিজ্ঞাসা করতে হবে। আপনি CID এর সাথে **business@cid.org.au** তে যোগাযোগ করতে পারেন।

# পার্ট 5
# অভিযোগ







# এই টুলকিট সম্পর্কে




এই টুলকিটটি অস্ট্রেলিয়ান সেন্টার ফর ডিসেবিলিটি ল থেকে নেয়া।

একটি **টুলকিট** আপনাকে এমন জিনিস সম্পর্কে ধারণা দেয় যা আপনার জানা বা করা উচিত।




এই টুলকিট এমন শিক্ষার্থীদের জন্য যারা NSW এর মূলধারার স্কুলে যায়।



এছাড়াও এটা তাদের জন্য

- যারা TAFE, বিশ্ববিদ্যালয় বা অন্যান্য জায়গায় শেখার উদ্দেশ্যে যায়
- পরিবার এবং পরিচর্যাকারী




টুলকিটটি আপনাকে শেখার জন্য প্রয়োজনীয় সহায়তা পেতে আপনার স্কুলের সাথে কীভাবে কথা বলতে হবে তা জানতে সাহায্য করবে।

এই টুলকিটে 6টি অংশ রয়েছে।

# অভিযোগ





এই অংশে আপনি কীভাবে অভিযোগ করবেন সে সম্পর্কে বলা হয়েছে।


**অভিযোগ** হলো যখন আপনি কাউকে বলেন যে আপনি কোন কিছু নিয়ে খুশি নন।




আপনি এবং আপনার স্কুলের মধ্যে বিষয়গুলি ঠিকঠাক না চললে আপনি অভিযোগ করতে পারেন।



আপনার কখন অভিযোগ করা উচিত তা আমরা আপনাকে বলব।



অভিযোগ করার জন্য আপনাকে কী করতে হবে তা আমরা আপনাকে বলব।




আপনি করতে পারেন এমন বিভিন্ন ধরনের অভিযোগ নিয়ে আমরা কথা বলব।

# অভিযোগ করার পরিকল্পনা



অভিযোগ করার আগে চিন্তা করুন পরবর্তীতে আপনি কিভাবে স্কুলের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখবেন।



আপনার দীর্ঘ সময়ের জন্য স্কুল থেকে সমর্থন প্রয়োজন।

একে অপরের সাথে বন্ধুত্বপূর্ণ থাকাটা গুরুত্বপূর্ণ।




আপনি স্কুলের কাছ থেকে কি ধরণের সমাধান আশা করেন সে সম্পর্কে চিন্তা করুন।



স্কুলকে পরিষ্কারভাবে বলুন

- আপনি যা চেয়েছেন
- স্কুল যা করেনি

# স্কুলে অভিযোগ করুন





আপনি যখন স্কুলের কোন বিষয় নিয়ে অসন্তুষ্ট হন তখন এই পদক্ষেপগুলি আপনার অনুসরণ করা উচিত।




1. শিক্ষকের সাথে কথা বলুন


এটি একটি আলোচনা বা ইমেল হতে পারে।




2. প্রধান শিক্ষক বা অধ্যক্ষের সাথে কথা বলুন

আপনি তা করা উচিত যদি


- তে আপনি খুশি নন
- শিক্ষকের কথায় আপনি খুশি না হলে



অধ্যক্ষ বা প্রধান শিক্ষকের কাছে লিখলে ভালো হয়।




আপনি একটি চিঠি বা ইমেল করে আলোচনার কথা জিজ্ঞাসা করতে পারেন।




3. স্কুল সম্পর্কে নিয়মমাফিক অভিযোগ করুন


নিয়মমাফিক অভিযোগ করার সময় আপনি স্কুলের দায়িত্বে থাকা ব্যক্তিদের সমস্যাগুলি সম্পর্কে জানান।

এটি সরকারি, বেসরকারি বা অন্যান্য বিদ্যালয়ের জন্য ভিন্ন।




স্কুলের দায়িত্বে থাকা লোকজনকে ডাকা হয়

- বিভাগ
- ডায়োসিজ
- বোর্ড





পদক্ষেপ 1 এবং 2 সমস্যাটি সমাধানে সহায়তা না করলে আপনার নিয়মমাফিক অভিযোগ করা উচিত।




সর্বোচ্চ পর্যায়ে অভিযোগ কিভাবেন হবে তা জানতে হবে

- স্কুলের ওয়েবসাইটে যান
- স্কুল অফিসে জিজ্ঞাসা করুন



এর জন্য আপনাকে কিছু করতে হবে

সমস্যা কি তা লিখুন।



এটি দেখার জন্য তাদের প্রয়োজনীয় সকল তথ্য দিন।



সমস্যাটি সমাধান করার জন্য তাদের সময় দিন।

আপনি যদি কোন উত্তর না পান তবে তাদের আবার জিজ্ঞাসা করুন।



উত্তর পাওয়ার পরে স্কুলের সাথে কথা বলুন।

তাদের কী করা দরকার সে সম্পর্কে তাদের সাথে কথা বলুন।

# প্রতিবন্ধী বৈষম্যতা




আপনি সকল পদক্ষেপ নেয়ার পরেও যদি সমস্যাটি সমাধান না করা হয় তবে আপনি প্রতিবন্ধীদের প্রতি বৈষম্যতার অভিযোগ করতে পারেন।

**প্রতিবন্ধী বৈষম্য** হল যখন আপনি প্রতিবন্ধী হবার কারণে আপনার সাথে অন্যায় আচরণ করা হয়।



প্রতিবন্ধীতার কারণে স্কুল, TAFE এবং শিক্ষা প্রদানকারী প্রতিষ্ঠান প্রতিবন্ধীদের সাথে ভিন্ন আচরণ করার করতে পারবে না।

এটা আইন বিরোধী।




অধিকাংশ প্রতিবন্ধীই প্রতিবন্ধী বৈষম্য আইনের আওতাভুক্ত।

আপনি প্রতিবন্ধী আইনের আওতায় আছেন কিনা সে সম্পর্কে নিশ্চিত না থাকলে এই ওয়েবসাইটটিতে যান

**www.disabilitylaw.org.au**



প্রতিবন্ধী বৈষম্য 2 প্রকার

- প্রত্যক্ষ বৈষম্য
- পরোক্ষ বৈষম্য

## প্রত্যক্ষ বৈষম্য




**প্রত্যক্ষ বৈষম্য** হলো যখন আপনার সাথে যার প্রতিবন্ধীত্ব নেই এমন ব্যক্তির মতো আচরণ করা হয় না।




এমন হতে পারে যেমন

আপনি স্কুলের খেলায় থাকতে পারবেন না কারণ আপনি হুইলচেয়ার ব্যবহার করেন।




জিনিস বুঝতে এবং বলতে আপনার সাইন ল্যাঙ্গুয়েজ দরকার কিন্তু স্কুল আপনাকে সাহায্য করে না।

## পরোক্ষ বৈষম্য



**পরোক্ষ বৈষম্য** হলো যখন স্কুল সবার জন্য একই নিয়ম ব্যবহার করে কিন্তু আপনি আপনার প্রতিবন্ধীতার কারণে নিয়মগুলি অনুসরণ করতে পারেন না।



এটি হতে পারে যদি আপনার প্রতিবন্ধীত্ব আপনাকে স্থির হয়ে বসতে না দেয়।

কিন্তু স্কুলে বিভিন্ন সময় আপনাকে সমস্যায় পড়তে হয় কারণ আপনি খুব বেশি নড়াচড়া করেন।



এটি হতে পারে যখন একজন ব্যক্তি যিনি চোখে দেখতে পান না তাকে অন্য সবার মতো একই পরীক্ষা দিতে হয়।




প্রতিবন্ধীতার কারণে কোনো শিক্ষার্থীর সঙ্গে স্কুলের অন্যায় আচরণ করা উচিত নয়।




এটা গুরুত্বপূর্ণ যে আপনি স্কুলকে যে পরিবর্তনগুলি করতে বলেছেন তা সর্বদাই লিখে রাখুন।

আপনার যদি অভিযোগ করার প্রয়োজন হয় তাহলে আপনাকে জানতে হবে আপনি কখন এবং কী জিজ্ঞাসা করেছেন।

# প্রতিবন্ধী বৈষম্যতা সম্পর্কে অভিযোগ কিভাবে করতে হয়




NSW-তে 2টি জায়গা আছে যেখানে আপনি প্রতিবন্ধী বৈষম্যতা সম্পর্কে অভিযোগ করতে পারেন।



অভিযোগ করার জন্য আপনাকে টাকা দিতে হবে না।




আপনার অভিযোগটি অবশ্যই লিখে জমা দিতে হবে।




আপনি এন্টি ডিসক্রিমিনেশন NSW-তে অভিযোগ করতে পারেন।

**একে সংক্ষেপে ADNSW বলা হয়।**





আপনি যদি NSW রাজ্যের স্কুলে যান তবেই আপনি তাদের কাছে অভিযোগ করতে পারেন।

**NSW রাজ্যের স্কুল** NSW সরকার দ্বারা পরিচালিত হয়।




বৈষম্য ঘটার পর পরই আপনাকে অবশ্যই আপনার অভিযোগ করতে হবে।

আপনি 1 বছরের বেশি অপেক্ষা করতে পারবেন না।




আরও তথ্যের জন্য যান

**www.antidiscrimination.nsw.gov.au**


Australian Human Rights Commission

আপনি অস্ট্রেলিয়ান মানবাধিকার কমিশনে অভিযোগ করতে পারেন।




আপনি যে কোন ধরণের স্কুলে গেলে তাদের কাছে অভিযোগ করতে পারেন।

এটি একটি রাষ্ট্রীয়, বেসরকারি বা একটি ধর্মীয় বিদ্যালয় হতে পারে।





বৈষম্য ঘটার পর পরই আপনাকে অবশ্যই আপনার অভিযোগ করতে হবে।

আপনি 24 মাসের বেশি অপেক্ষা করতে পারবেন না




আরও তথ্যের জন্য যান


**www.humanrights.gov.au/complaints**



এই ওয়েবসাইটটি ইজি রিডে নেই।

আপনি একজন সহায়তাকারীর সাহায্য চাইতে পারেন।

# আপনি আপনার অভিযোগ দাখিল করার পরে কি হবে




তারা আপনার অভিযোগটি স্কুলে পাঠাবে।




স্কুল উত্তর পাঠাবে।



তারা সবার সঙ্গে আলোচনার পরিকল্পনা করবেন।



আলোচনায় সবাই সবার কথা বলবেন।

একসাথে আপনারা সমস্যা সমাধানের উপায় খুঁজে বের করার চেষ্টা করবেন।



আপনারা সমস্যাটি সমাধান করার একটি উপায় খুঁজে পেতে পারেন যাতে সবাই খুশি থাকবে।

আপনি পুরো সমস্যাটি ঠিক করতে না পারলেও কিছু অংশের সমাধান হতে পারে।




আপনি হয়ত যা ঘটেছে তার জন্য দুঃখিত শুধুমাত্র সেটা বলতে চান।



আপনি ক্ষতিপূরণ চাইতে পারেন।

**ক্ষতিপূরণ** হলো যখন স্কুলের কোন খারাপ আচরণের জন্য আপনি কিছু আর্থিক সাহায্য পান।



আপনার অধিকার জানতে একজন আইনজীবীর সাথে কথা বললে ভালো হতে পারে।

আপনার এই কাজটি করা লাগবে না।



আপনাকে একা মিটিংয়ে যেতে হবে না।

আপনি আপনার সাথে পরিবারের একজন সদস্য, পরিচর্যাকারী বা একজন উকিল আনতে পারেন।

## আপনি যদি সমস্যাটি ঠিক করতে না পারেন



আপনি যদি মিটিংয়ে সমস্যাটি ঠিক করতে না পারেন তবে আপনি অন্য কিছু চেষ্টা করতে পারেন

এই কাজগুলি কঠিন হতে পারে।



পার্ট 6-এ কিছু পরিচিতির সাথে কথা বলুন।

আপনার চেষ্টা চালিয়ে যাওয়া উচিত কিনা তা তারা আপনাকে বলতে পারে।




এর মানে হবে আদালতে যাওয়া।

আদালত যদি বলে যে এটি বৈষম্য নয় তাহলে এর জন্য আপনাকে অনেক মাশুল দিতে হবে।



যদি আদালত আপনাকে সঠিক বলে গণ্য করেন তবে তারা স্কুলকে বলবে

- দুঃখ প্রকাশ করতে
- সমস্যা সমাধান করতে
- আপনাকে ক্ষতিপূরণ দিতে